

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া  
আইসিটি শাখা



ফেব্রুয়ারি, ২০২৩ মাসে অনুষ্ঠিত জেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি	মো: জিয়াউল হক মীর অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি)
সভার তারিখ	১৯ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি.
সভার সময়	বেলা ১১.০০ টা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, ব্রাহ্মণবাড়িয়া।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সভাপতি জেলা প্রশাসনসহ সকল সরকারি দপ্তরের নতুন কোন ইনোভেটিভ আইডিয়া এবং কর্মপরিকল্পনা থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

সভাপতি বলেন যে, ইনোভেশনকে উৎসাহিত করার লক্ষ্যে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কাঠামো এর সঙ্গে সঙ্গতি রেখে ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য নতুনভাবে বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়নের পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করেন।

সভায়, ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য জেলা ইনোভেশন টিমের সকল সদস্যদের এবং অত্র জেলার সকল দপ্তরকে উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন করে অত্র কার্যালয়ে উদ্ভাবনী আইডিয়া জমা দেয়ার জন্য অনুরোধ করেন।

অতঃপর সভার আলোচ্যসূচী এবং উদ্ভাবনী উদ্যোগসমূহের বর্তমান অবস্থা সম্পর্কে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ প্রণয়ন ও উদ্ভাবনী উদ্যোগসমূহের বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমস্যাসমূহ দূরীকরণে বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণ করতে হবে।	কমিটির সকল সদস্য, জেলার সকল দপ্তর প্রধানগণ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
০২	জেলা পর্যায়ের সকল দপ্তর এবং উপজেলা নির্বাহী অফিসারগণ ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য নতুন নতুন উদ্ভাবনী কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক অত্র কার্যালয়ে নিয়মিত প্রেরণ করার জন্য অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	কমিটির সকল সদস্য, জেলার সকল দপ্তর প্রধানগণ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
০৩	উদ্ভাবনী কর্মপরিকল্পনার তথ্য নিয়মিত জেলা ও উপজেলার তথ্য বাতায়নে হালনাগাদ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সহকারী কমিশনার (আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া

০৪	গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহ সফলভাবে বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তা ও মেন্টরগণকে অনুরোধ করা হয়। সংশ্লিষ্ট উদ্যোগ গ্রহণকারীর বদলি/অবসরজনিত কারণে যাতে উদ্যোগগুলো বন্ধ না হয় সে বিষয়ে সকলকে সজাগ থাকতে বলা হয়।	কমিটির সকল সদস্য ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
০৫	সমাপ্ত হওয়া সফল পাইলট প্রকল্পগুলো রেল্লিকেশন করতে হবে। চলমান পাইলট প্রকল্পগুলো সফলভাবে বাস্তবায়নের জন্য সার্বিক সহযোগিতা ও নিয়মিত মনিটরিং করতে হবে।	কমিটির সকল সদস্য ও উপজেলা নির্বাহী অফিসার (সকল, ব্রাহ্মণবাড়িয়া)
০৬	উপজেলা ইনোভেশন কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে এবং সভার কার্যবিবরণী নিয়মিত জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণসহ স্ব-স্ব উপজেলার তথ্য বাতায়নে আপলোড করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
০৭	উদ্ভাবন ও সেবা সহজিকরণে এবং উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে জেলা ও উপজেলা পযায়ের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া। ২। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।

সভাপতি বলেন, যে সকল উদ্যোগ বাস্তবায়নাধীন রয়েছে সে উদ্যোগগুলোর সফল বাস্তবায়নের মাধ্যমে জনসেবা সহজীকরণ এবং জনগণের দুর্ভোগ লাঘব করতে হবে। তিনি সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা এবং সক্রিয় অংশগ্রহণ কামনা করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: জিয়াউল হক মীর

অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি)

স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০২৭.০৬.০০৬.২২.৩৩

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৯

২৭ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
- ৪) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
- ৫) জেলাপ্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ৬) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ৭) উপপরিচালক (ভারপ্রাপ্ত), উপপরিচালক এর কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
- ৮) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ৯) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
- ১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
- ১১) জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
- ১২) জনাব মো: নাছির উদ্দিন, সহকারী অধ্যাপক,, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া।
- ১৩) জনাব কাজী শরীফুল ইসলাম, সহকারী অধ্যাপক,, ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজ, ব্রাহ্মণবাড়িয়া।

- ১৪) জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, ব্রাহ্মণবাড়িয়া  
১৫) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া  
১৬) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, ব্রাহ্মণবাড়িয়া  
১৭) তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, ব্রাহ্মণবাড়িয়া  
১৮) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তর, জেলা হিসাব রক্ষণ অফিস, ব্রাহ্মণবাড়িয়া  
১৯) অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইন্সটিটিউট, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া ।  
২০) অধ্যক্ষ, জাহানারা কুদ্দুস ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউট, আন্দিদিল, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া ।



মো: জিয়াউল হক মীর

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)